Sanatan Dharma

দুর্গতি কাকে বলে ?

দুর্গতি কাকে বলে ? উত্তর:- ব্রহ্ম থেকে দূরে যে গতি শাস্ত্রে তাহাকেই "দুর্গতি" বলে l কোনো জীব যখন তার অনন্ত কামনার দাস হয়ে , সেই কামনা পূরণের জন্যে জন্ম-জন্মান্তর বিভিন্ন দেহে , বিভিন্নরূপে , বিভিন্নসম্পর্কে , বিভিন্নপদ্ধতিতে , বিভিন্নকর্মে , বিভিন্নভাবে , বিভিন্নঅনুভবে , বিভিন্নবিকাশে , বিভিন্নস্থানে অনবরত ঘুরতে -ঘুরতে পরমাত্মাকেই ভুলে শুধু কামনা পূরণের কাজেই দিন-রাত ব্যস্ত থাকে --- তখন সেই জীব পরমাত্মা থেকে বহু দূরে গতি প্রাপ্ত হয় --- শাস্ত্রে তাকেই "দুর্গতি" বলে l অর্থাৎ যে জীব ধর্মের রাস্তায় না চলে , মোক্ষ এর রাস্তায় না চলে ,পরমাত্মা প্রাপ্তির রাস্তায় না চলে শুধু কামনা-বাসনার দাস হয়ে কামনা পূরণের জন্যে জন্ম-জন্মান্তর অনবরত ঘুরতে -ঘুরতে পরমাত্মাকেই ভুলে শুধু কামনা পূরণের কাজেই দিন-রাত ব্যস্ত থাকে --- তখন সেই জীব পরমাত্মা থেকে বহু দূরে গতি প্রাপ্ত হয় --- শাস্ত্রে তাকেই "দুর্গতি" বলে l